

ডাকসু

‘গণধর্ষণের’ হৃষিকির ঘটনায় তথ্যানুসন্ধান কমিটি



ফাইল ছবি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ০২ সেপ্টেম্বর ২০২৫ | ১৯:৫৩ | আপডেট: ০২ সেপ্টেম্বর ২০২৫ | ২০:৪৮

(-) (অ) (+)

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু) নির্বাচনে ছাত্রশিবিরের সাধারণ সম্পাদক প্রার্থী এস এম ফরহাদের প্রার্থিতা নিয়ে রিটকারী ছাত্রীকে গণধর্ষণের হৃষিকির ঘটনায় তথ্যানুসন্ধান কমিটি গঠন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন। আজ

মঙ্গলবার প্রক্টরের অফিসের এক বিজ্ঞপ্তিতে তিনি সদস্যের তথ্যানুসন্ধান কমিটিটি গঠন করা হয়। তাদেরকে দ্রুত প্রতিবেদন দিতে বলা হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আসন্ন ডাকসু নির্বাচনে ঐক্যবন্ধ শিক্ষার্থী জোটের সাধারণ সম্পাদক পদপ্রার্থী এস এম ফরহাদের প্রার্থিতা চ্যালেঞ্জ করে রিটকারী শিক্ষার্থীকে সামাজিক যোগাযোগমাধ্যমে কুর্চিপূর্ণ ভাষায় আক্রমণ করে ছমকি দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের এক শিক্ষার্থী।

এতে আরও বলা হয়, উক্ত ঘটনায় ঐক্যবন্ধ শিক্ষার্থী জোটের সাধারণ সম্পাদক পদপ্রার্থী এস এম ফরহাদ ও অপরাজেয় ৭১-অদম্য ২৪ প্যানেলের সহ-সভাপতি পদপ্রার্থী মো. নাইম হাসান প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য প্রক্টর বরাবর লিখিত আবেদন করেছেন। আবেদনের পরিপ্রেক্ষিতে ঘটনার সত্যতা উদ্ঘাটনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর তিনি সদস্য বিশিষ্ট একটি সত্যানুসন্ধান তদন্ত কমিটি গঠন করেন। সত্যানুসন্ধান তদন্ত কমিটিকে সুষ্ঠুভাবে তদন্ত করে দ্রুত প্রতিবেদন জমাদানের জন্য দায়িত্ব দেওয়া হলো বলে জানানো হয়।

তিনি সদস্যের কমিটিতে আছেন- সহকারী প্রক্টর মুহাম্মদ মাহবুব কায়সার, শেহরীন আমিন ভুঁইয়া ও মো. রেজাউল করিম সোহাগ।

এদিকে চিফ রিটার্নিং অফিসার অধ্যাপক জসীম উদ্দিন সংবাদ সম্মেলনে বলেছেন, এ ঘটনায় নির্বাচন কমিশন আলাদা একটি কমিটি গঠন করেছে।